

## প্রেস রিলিজ

২৮ ফেব্রুয়ারি ২০২৪

# বাউবিতে শিক্ষা মেলা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) ও ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির যৌথ উদ্যোগে বাউবির গাজীপুরস্থ ক্যাম্পাসে ২৮ ফেব্রুয়ারি ২০২৪ বুধবার দিনব্যাপী এক 'শিক্ষা মেলা' আয়োজন করা হয়।

শিক্ষা মেলার উদ্বোধন করেন বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। তিনি বলেন, বিদেশে সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অংশীদারিত্বে উচ্চশিক্ষার অসংখ্য নজির রয়েছে। করোনাকালে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়সহ অনেক প্রতিষ্ঠান নিজেদের গবেষণা সমৃদ্ধ করতে আমেরিকান ওষুধ ও জৈব প্রযুক্তি বিষয়ক প্রতিষ্ঠান ফাইজার যৌথভাবে কাজ করে সফল হয়েছে। আমি আশা করি, আজকে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উদ্যোগ ক্ষুদ্রাকায় হলেও এক সময় তা সফল হবে এবং কলেবর বৃদ্ধি পাবে। পশ্চাত্তপদ জনগোষ্ঠীকে আলোকিত করবে এই উদ্যোগ। বাউবির অসংখ্য মেবানী শিক্ষার্থী রয়েছে যারা উচ্চশিক্ষায় শিক্ষিত হতে পারেননা কিংবা সামর্থ্য না থাকার কারণে ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল বা ট্যুরিজমের মতো বাজার চাহিদা সম্পন্ন বিষয়ে পড়তে পারেননা। বাউবির এমন শিক্ষার্থীর জন্য ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি টিউশন ফি অর্ধেকসহ স্কলারশিপের সুযোগ দিচ্ছে।



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির মধ্যে এক সমঝোতা স্বাক্ষরের প্রেক্ষিতে শিক্ষা গবেষণাসহ নানামুখী কার্যক্রম অব্যাহত রয়েছে। দুই বিশ্ববিদ্যালয়ের মধ্যে উন্মোচিত হয়েছে নতুন দিগন্ত। পাবলিক ও প্রাইভেট পার্টনারশীপ এ আয়োজনে জ্ঞানদীপ মালায় বাউবি ও ফারইস্ট ইউনিভার্সিটি অভিমুক্ত হয়েছে এ শিক্ষা মেলায়। মেলা উদ্বোধনের পর বাউবি উপাচার্য উভয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদের নিয়ে মেলার বিভিন্ন স্টল ঘুরে দেখেন।

শিক্ষা মেলা উপলক্ষ্যে বাউবির গাজীপুরস্থ ক্যাম্পাসে “সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অংশীদারিত্বে উচ্চশিক্ষার সম্ভাবনা” শীর্ষক এক সেমিনার সকালে বেঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা সন্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ড্রেজারার ড. মো. মঞ্জুর এ খোদা তরফদার। বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার আদি ইতিহাস, বিকাশ, ধর্ম ও দর্শন, গবেষণা, বাস্তবতা এবং একই সাথে পাশ্চাত্যের ন্যায় বাংলাদেশে সরকারি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অংশীদারিত্বে উচ্চশিক্ষার গুরুত্ব ও সম্ভাবনা তুলে ধরেন তিনি।

এ সময় আরো উপস্থিত ছিলেন ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. রকীব আহমদ, বাউবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ড্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ট্রাস্টি মতিউর রহমান ও মোঃ আব্দুল্লাহ, বাউবির বিভিন্ন স্কুলের ডিন, পরিচালক, উভয় বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, প্রশাসনের প্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ ও শিক্ষার্থীরা। শিক্ষা মেলায় অংশ নেয় বাউবির ৬টি স্কুল, দুইটি বিভাগ ও ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বিভাগসমূহ।

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)

বাউবির দিক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা